গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নোয়াখালী সদর, নোয়াখালী
unonoakhali@mopa.gov.bd

## হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ থেকে ৩০ শে চৈত্র মেয়াদে এক বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে সীলগালাযুক্ত খামে নিম্নোক্ত শর্তাধীনে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

১। ইউনিয়নের নাম, সংশ্লিষ্ট হাট-বাজার সমূহের তালিকা, দরপত্র মূল্য এবং সরকারী মূল্য নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | দরপত্রের মূল্য | সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ১নং চরমটুয়া | উদয় সাধুর হাট | ৫০০০/- | ১৬,৫০,০০০/- |
| ২ | | ঠেকার হাট | ৫০০/- | ১৮,৭০০/- |
| ৩ | ১৯নং পূর্ব চরমটুয়া | সফি গঞ্জ বাজার | ৫০০/- | ৭৯,০০০/- |
| ৪ | | চর কাউনিয়া মিয়ার বাজার | ৫০০/- | ৭০০/- |
| ৫ | ২০নং আন্ডারচর | আন্ডারচর চৌরাস্তা বাজার | ৫০০/- | ৮,০০০/- |
| ৬ | | বাংলা বাজার | ১৫০০/- | ৩,৮৫,৫০০/- |
| ৭ | | শান্তিরহাট | ১২০০/- | ১,১০,০০০/- |
| ৮ | | চৌকিদার হাট | ৫০০/- | ৭০০/- |
| ৯ | | চৌধুরীর হাট | ৫০০/- | ১১,০০০/- |
| ১০ | ২নং দাদপুর | খলিফার হাট | ১৮০০/- | ৫,৫১,৫০০/- |
| ১১ | | দাদপুর বাজার | ৫০০/- | ২২,৬০০/- |
| ১২ | ৩ নং নোয়ান্নই | ইসলাম গঞ্জ বাজার | ১০০০/- | ১,০৮,০০০/- |
| ১৩ | | শিবপুর চৌধুরীর হাট | ৫০০/- | ৭০০/- |
| ১৪ | ৬নং নোয়াখালী | ডাক্তার বাজার | ১৫০০/- | ২,১৭,০০০/- |
| ১৫ | | হায়দার মিয়ার হাট | ৫০০/- | ১২০০০/- |
| ১৬ | ৭নং ধর্মপুর | চৌমুহনী বাজার | ১০০০/- | ১,০৮,১০০/- |
| ১৭ | | উত্তর ওয়াপদা বাজার | ৫০০/- | ৯০,১০০/- |
| ১৮ | | গাজীর খেয়া ব্রীজ বাজার | ৫০০/- | ১৬,১০০/- |
| ১৯ | ৮নং এওজবালিয়া | মমিন নগর বাজার | ৫০০/- | ৪৩,৫০০/- |
| ২০ | | মান্নান নগর বাজার | ১০০০/- | ১,০০,৫০০/- |
| ২১ | | সাহেবের হাট | ৫০০/- | ১০,০০০/- |
| ২২ | | বাঁধের হাট | ৫০০/- | ৯৮,২০০/- |
| ২৩ | | জমিদার হাট | ৫০০/- | ১৬,৫০০/- |
| ২৪ | | চর শুল্যকিয়া খাসের হাট | ৫০০/- | ১০০০/- |
| ২৫ | ৯ নং কালাদরাপ | নুরু পাটোয়ারীর হাট | ১২০০/- | ২,০১,১০০/- |
| ২৬ | | রব বাজার | ৫০০/- | ৪৫,৩৬৮/- |
| ২৭ | | উত্তর শুল্যকিয়া হাজীর হাট | ৫০০/- | ৪,৫০০/- |
| ২৮ | ১০ নং অশ্বদিয়া | মৌলভী বাজার | ৫০০/- | ৬,৫০০/- |
| ২৯ | | দিনমনির হাট | ৫০০/- | ১০,৫০০/- |
| ৩০ | | মৃধার হাট | ৫০০/- | ৭,২০০/- |
| ৩১ | | কিল্লার হাট | ৫০০/- | ৩,১০০/- |
| ৩২ | ১১ নং নেয়াজপুর | দানা মিয়ার বাজার | ১০০০/- | ৭৯,০০০/- |
| ৩৩ | | কাশেম বাজার | ৫০০/- | ৩০,০০০/- |

২। **সিডিউল প্রাপ্তির স্থান ঃ** (ক) জেলা প্রশাসক, নোয়াখালী এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী, (গ) সহকারী কমিশনার (ভূমি), নোয়াখালী সদর, নোয়াখালী, (ঘ) অফিসার ইন চার্জ, সুধারাম মডেল থানা, নোয়াখালী, (ঙ) সোনালী ব্যাংক, নোয়াখালী শাখা, নোয়াখালী।

৩। **সিডিউল দাখিল/জমা দেয়ার স্থান ঃ** (ক) জেলা প্রশাসক, নোয়াখালী এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, (খ) পুলিশ সুপার, নোয়াখালী এর কার্যালয়, (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী, (ঘ) সহকারী কমিশনার (ভূমি), নোয়াখালী সদর, নোয়াখালী এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্স।

CamScanner

সিডিউল ক্রয়, সিডিউল দাখিল ও খোলার সময়সূচী ঃ

| পর্যায় | সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময় | সিডিউল দাখিলের তারিখ ও সময় | সিডিউল খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|
| ১ম ডাক | ১৫/০২/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৬/০২/২০২৩ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৬/০২/২০২৩ খ্রি. অপরাহ্ন ৩.০০ টা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী। |
| ২য় ডাক | ২৭/০২/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৮/০২/২০২৩ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ২৮/০২/২০২৩ খ্রি. অপরাহ্ন ৩.০০ টা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী। |
| ৩য় ডাক | ০৬/০৩/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৭/০৩/২০২৩ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৭/০৩/২০২৩ খ্রি. অপরাহ্ন ৩.০০ টা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী। |

**শর্তাবলী ঃ**

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০ শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। যে সমস্ত হাট-বাজার ১ম ডাকে সিডিউলে উদ্বৃত মূল্য অর্থাৎ সরকারী মূল্য অপেক্ষা কম হবে ঐ সমস্ত হাট-বাজার যথাক্রমে ২য় ও ৩য় বার পর্যন্ত পুনরায় দরপত্র আহ্বান করা হবে। এক্ষেত্রে ১ম, ২য় ও ৩য় প্রত্যেকবার দরপত্রে অংশগ্রহণের জন্য পৃথক পৃথকভাবে সিডিউল ক্রয় করতে হবে। সিডিউলের মূল্য অফেরতযোগ্য।

৩। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৪। যার দরপত্র গৃহিত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) চালানের মাধ্যমে সরকারের যথাযথ খাতে জমা দিতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আর এক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমে হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয়, তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। গৃহীত দরের সমুদয় অর্থ পরিশোধের পর কর্তৃপক্ষের সাথে ৩০০/-(তিনশত) টাকার মূল্য মানের নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদনের পর অনুমোদিত ইজারা গ্রহীতার বরাবর হাট বাজার এর দখল হস্তান্তর করা হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন ঘষা মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। ইজারা গ্রহীতাকে বিধি মোতাবেক চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০/০১/২০২৩

**(নিজাম উদ্দিন আহমেদ)**
উপজেলা নির্বাহী অফিসার
নোয়াখালী সদর, নোয়াখালী
ফোনঃ ০৩২১-৬১০৯৫
email: unonoakhali@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৭৫৮৭.০০০.৮৭.০০২.২৩-৯৩৮ তারিখ ঃ৩০-০১-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল ঃ

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. জেলা প্রশাসক,নোয়াখালী।
০৩. উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, নোয়াখালী।
০৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,নোয়াখালী সদর,নোয়াখালী।
০৫. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়,নোয়াখালী (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
০৬. সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)

৩০/০১/২৩

উপজেলা নির্বাহী অফিসার
নোয়াখালী সদর, নোয়াখালী

CS CamScanner